রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, মার্চ ১১, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ ফাল্গুন, ১৪২১ বঙ্গাব্দ/ ০৯ মার্চ, ২০১৫ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৫১-আইন/২০১৫।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩৩ এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২) এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম**।—এই বিধিমালা আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল তদন্ত সংস্থা (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) **"কমিশন"** অর্থ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন;

(২) **"তফসিল"** অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(৩) **"নিয়োগকারী কর্তৃপক্ষ"** অর্থ সরকার বা সরকারের নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মকর্তা;

(৪) **"পদ"** অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(৫) **"প্রয়োজনীয় যোগ্যতা"** অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(৬) **"শিক্ষানবিস"** অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;


**মূল্য ঃ** টাকা ১২.০০

(৭) **"স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড"** অর্থ আপাততঃ বলবৎ কোন আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়, বোর্ড বা ইনস্টিটিউট এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয়, বোর্ড বা ইনস্টিটিউটও ইহার অন্তর্ভুক্ত হইবে; এবং

(৮) **"সরকার"** অর্থে এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে বুঝাইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী এবং তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ প্রদান করা হইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে সর্বোচ্চ বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাবহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযথ এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে এবং তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরমে (যদি থাকে) এবং নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকাকালে স্বীয় ঊর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) এতদুদ্দেশ্যে পদোন্নতির জন্য গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করিতে হইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিসি**।—(১) কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসি মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসির আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে তাহাকে চাকরিতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত বর্ধিত মেয়াদ চলাকালে শিক্ষানবিসির আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশবলে, সময়ে সময়ে, যে পরীক্ষা এবং প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন এবং প্রশিক্ষণ গ্রহণ করেন।

## তফসিল

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | প্রশাসনিক কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে; পদোন্নতি-যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতি:** প্রধান সহকারী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। **প্রেষণ:** সরকারের সমপদমর্যাদার কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে বদলীর মাধ্যমে। |
| ২। | ব্যক্তিগত কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে; পদোন্নতি-যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতি:** সাঁট-লিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। **প্রেষণ:** সরকারের সমপদমর্যাদার কর্মকর্তাদের মধ্য হইতে প্রেষণে বদলীর মাধ্যমে। |
| ৩। | প্রধান সহকারী | - | পদোন্নতির মাধ্যমে; পদোন্নতি-যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতি:** উচ্চমান সহকারী বা হিসাব রক্ষক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। **প্রেষণ:** সরকারের সমপদমর্যাদার কর্মচারীদর মধ্য হইতে প্রেষণে বদলীর মাধ্যমে। |
| ৪। | সাঁট-লিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | The Stenographers and Steno-typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী। তবে সাঁট-লিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁট-মুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০ অনুযায়ী কেবল মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের পরিবর্তে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রোসেসিং ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ প্রতিস্থাপিত হইবে, যথা :— (ক) বাংলা : প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ (পঁচিশ) শব্দ; এবং (খ) ইংরেজী : প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ (ত্রিশ) শব্দ। | | |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৫। | সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | The Stenographers and Steno-typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 অনুযায়ী। তবে সাঁট-লিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁট-মুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০ অনুযায়ী কেবল মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের পরিবর্তে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রোসেসিং ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ প্রতিস্থাপিত হইবে, যথা :—<br>(ক) বাংলা : প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ (পঁচিশ) শব্দ; এবং<br>(খ) ইংরেজী : প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ (ত্রিশ) শব্দ। | | |
| ৬। | উচ্চমান সহকারী | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; পদোন্নতি-যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতি:</u>**<br>(১) অফিস সহকারী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরি; এবং<br>(২) সরকার কর্তৃক, সময়ে সময়ে, নির্ধারিত প্রশিক্ষণ সফলভাবে সমাপ্ত করিতে হইবে।<br>**<u>সরাসরি নিয়োগ:</u>**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী থাকিতে হইবে। |
| ৭। | হিসাব রক্ষক | - | পদোন্নতির মাধ্যমে; পদোন্নতি-যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | **<u>পদোন্নতি:</u>**<br>কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ অফিস সহকারী পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা।<br>**<u>প্রেষণ:</u>**<br>সরকারের অন্য বিভাগের সমপদমর্যাদার কর্মচারীদের মধ্য হইতে প্রেষণে বদলীর মাধ্যমে। |
| ৮। | অফিস সহকারী | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; পদোন্নতি-যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>সরাসরি নিয়োগ:</u>**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপ, ইত্যাদির সর্বনিম্ন গতি হইতে হইবে নিম্নরূপ, যথাঃ—<br>(১) বাংলাঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ (পঁচিশ) শব্দ; এবং<br>(২) ইংরেজীঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ (ত্রিশ) শব্দ।<br>**পদোন্নতিঃ**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) অফিস সহায়ক পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরির অভিজ্ঞতা; এবং<br>(গ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপ, ইত্যাদির সর্বনিম্ন গতি হইতে হইবে নিম্নরূপ, যথাঃ—<br>(১) বাংলাঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ (পঁচিশ) শব্দ;এবং<br>(২) ইংরেজীঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ (ত্রিশ) শব্দ। |
| ৯। | অফিস সহায়ক | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দপ্তরী ও এম.এল.এস.এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। | | |
| ১০। | বাবুর্চি | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১১। | পরিচ্ছন্নতা কর্মী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। মোট পদের ৮০% (আশি শতাংশ) জাত হরিজনদের জন্য বরাদ্দ থাকিবে; তবে জাত হরিজন প্রার্থী না পাওয়া গেলে সে সকল পদ সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করা যাইবে। | প্রাইমারী স্কুল সার্টিফিকেট (পিএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মোজাম্মেল হক খান**
সিনিয়র সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd